# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৪৪

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَن ابنِ مَسْعُود قَالَ: حَدَّثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ علن لَيْلَةَ أُسَرِيَ بِهِ: أَنَّهُ لَمْ يَمُرَّ عَلَى مَلَأٍ مِنَ الْمَلَائِكَةِ إِلَّا أَمَرُوهُ: «مُرْ أُمَّتَكَ بِالْحِجَامَةِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيث حسن غَرِيب

### বাংলা

৪৫৪৪-[৩১] ’আবদুল্লাহ ইবনু মাস্‌’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মি’রাজের ঘটনা বর্ণনা প্রসঙ্গে বলেছেন, তিনি মালায়িকাহ্’র (ফেরেশতাদের) কোন দলের নিকট দিয়ে অতিক্রমকালে তাঁরা তাঁকে বলেছেনঃ আপনি আপনার উম্মাতকে শিঙ্গা লাগাবার আদেশ করবেন। [তিরমিযী ও ইবনু মাজাহ; তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ হাদীসটি হাসান ও গরীব[[1]

### ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২০৫২, ইবনু মাজাহ ৩৪৭৭, আল জামি‘উস্ সগীর ১০৬০৮, সহীহুল জামি‘ ৫৬৭১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৪৬২, সিলসিলাতুস্ সহীহাহ্ ২২৬৩, আল মু‘জামুল আওসাত্ব ৩১৭৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مُرْ) ‘‘আদেশ করুন’’ এর ব্যাখ্যায় মুল্লা ‘আলী কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ এখানে আদেশসূচক যে বর্ণনাটি এসেছে তাতে উচ্চস্তরের মালায়িকাহ্’র ঐকমত্যের স্বীকৃতি রয়েছে। আর আদেশটা হচ্ছে মানদূরের জন্য অর্থাৎ করা চলে। আর এ নির্দেশটি উচ্চ স্তর সকল মালায়িকাহ্’র এবং তার প্রতি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে থাকা ও তা বর্ণনা করাতে বিষয়টির গুরুত্ব প্রকাশ পেয়েছে। তবে বাহ্যিকভাবে এটি তাদের জন্য মহান আল্লাহরই নির্দেশ ছিল।

(أُمَّتَكَ بِالْحِجَامَةِ) জ্ঞানীগণ বলেন, শিঙ্গা লাগানোর হাদীসে বৃদ্ধদেরকে বাদে অন্যদেরকে সম্বোধন করা হয়েছে। কারণ তাদের শরীরে তাপমাত্রা কমে যায়। ইবনু সীরীন থেকে সহীহ সনদে ত্ববারী বর্ণনা করেছেনে যে, তিনি বলেন, চল্লিশ বছর বয়সে পৌঁছালে কোন ব্যক্তিকে শিঙ্গা লাগাবে না। ত্ববারী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর কারণ হলো তখন থেকে কম তার বয়স এবং দৈহিক শক্তির ঘাটতি আরম্ভ হয়। আর এটা তাদের ক্ষেত্রে প্রযোজ্য যাদের শিঙ্গা লাগানোর প্রয়োজন নেই। সুতরাং রক্ত বের করে তার কষ্ট বৃদ্ধি করা উচিত নয়। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন